আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ২৭ আগস্ট, ২০২২ ২২:১১

# 'সরকার হাওরের কৃষিকে গুরুত্ব দিচ্ছে'

কিশোরগঞ্জ প্রতিনিধি:




হাওরের কৃষিকে সরকার অতিব গুরুত্ব দচ্ছে। অন্য এলাকায় কৃষি যন্ত্রপাতি ৫০ পার্সেন্ট ভর্তুকিতে দিলেও হাওরে এসব কৃষি যন্ত্রপাতি ৭০ পার্সেন্ট ভর্তুকিতে দিচ্ছে। কৃষিতে যন্ত্রের ব্যবহারের কারণে শ্রমিক সংকট দূর হচ্ছে। আগে যেখানে অনেক শ্রমিক লাগতো, বর্তমানে যন্ত্রের ব্যবহারে কম শ্রমিক দিয়েই কাজ হয়ে যাচ্ছে। তাই বলা যাচ্ছে কৃষিতে যন্ত্রের ব্যবহারে লাভবান হচ্ছে কৃষক।

শনিবার দুপুরে কিশোরগঞ্জের নিকলী উপজেলার ষাইটধার এলাকায় "হাওরাঞ্চলের উপযোগী বারি উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতির ব্যবহার" বিষয়ক এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন কৃষি মন্ত্রণালয়ের সচিব মো. সায়েদুল ইসলাম।

তিনি আরও বলেন, কৃষি কাজে যন্ত্রের ব্যবহারের ফলে কম সময় ও অল্প খরচে সহজেই ফসল ঘরে তুলতে পারছেন কৃষক। বর্তমান সরকার কৃষিবান্ধব সরকার। তাই কৃষিকে গুরুত্ব দিয়ে কাজ করে যাচ্ছেন।

বারি গাজীপুরের পরিকল্পনা ও মূল্যায়ন উইংয়ের পরিচালক ড. অপূর্ব কান্তি চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ঢাকা অঞ্চলের অতিরিক্ত পরিচালক এস এম সোহরাব উদ্দিন, নিকলী উপজেলা পরিষদের চেয়ারম্যান এ. এম. রুহুল কুদ্দুস ভূইয়া জনি ও নিকলী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শাকিলা পারভীন।

অনুষ্ঠানে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত হাওর উপযোগী বিভিন্ন কৃষি যন্ত্রপাতি প্রদর্শনী করা হয়। কিশোরগঞ্জ সরেজমিন গবেষণা বিভাগ (বিএআরআই) কর্মশালাটির আয়োজন করে।

বিডি প্রতিদিন/এএম

DHAKA POST



# কৃষিতে যন্ত্রের ব্যবহারে লাভবান হচ্ছেন কৃষক

জেলা প্রতিনিধি, কিশোরগঞ্জ
২৮ আগস্ট ২০২২, ০৭:২৪ এএম

**কৃষি কাজে যন্ত্রের ব্যবহারের ফলে লাভবান হচ্ছেন কৃষক। কম সময় ও অল্প খরচে সহজেই কৃষকরা ফসল ঘরে তুলতে পারছেন। বর্তমান সরকার কৃষি বান্ধব সরকার, তাই কৃষিকে গুরুত্ব দিয়েই কাজ করে যাচ্ছে।**

শনিবার (২৭ আগস্ট) দুপুরে কিশোরগঞ্জের হাওর উপজেলা নিকলীর ষাইটধার এলাকায় এসব কথা বলেন কৃষি মন্ত্রণালয়ের সচিব মো. সায়েদুল ইসলাম।

তিনি বলেন, হাওরের কৃষিকে সরকার অতিব গুরুত্ব দিয়ে দেখছে। অন্য এলাকায় কৃষি যন্ত্রপাতিতে ৫০ শতাংশ ভর্তুকিতে দিলেও হাওরে এসব কৃষি যন্ত্রপাতি ৭০ শতাংশ ভর্তুকিতে দিচ্ছে। কৃষিতে যন্ত্রের ব্যবহারের কারণে শ্রমিক সংকট দূর হচ্ছে।




তিনি আরও বলেন, আগে যেখানে অনেক শ্রমিক লাগতো বর্তমানে যন্ত্রের ব্যবহারের ফলে কম শ্রমিক দিয়েই কাজ হয়ে যাচ্ছে। তাই বলা যাচ্ছে যন্ত্রের ব্যবহারে কৃষিতে লাভবান হচ্ছেন কৃষক।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ঢাকা অঞ্চলের অতিরিক্ত পরিচালক এস এম সোহরাব উদ্দিন, নিকলী উপজেলা পরিষদের চেয়ারম্যান এ এম রুহুল কুদ্দুস (জনি), উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শাকিলা পারভীন, বারি গাজীপুরের পরিকল্পনা ও মূল্যায়ন ইউংয়ের পরিচালক ড.  অপূর্ব কান্তি চৌধুরী প্রমুখ।

এ সময় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত হাওর উপযোগী বিভিন্ন কৃষি যন্ত্রপাতি প্রদর্শনী করা হয়।

এসকে রাসেল/আরআই

নিউজ একুশে



# সরকার হাওরের কৃষিকে অতিব গুরুত্ব দিচ্ছে : কৃষি সচিব

আগস্ট ২৭, ২০২২ ১০:১৪ অপরাহ্ণ




ফ+ ফ- ফ
Link Copied!

নিকলী (কিশোরগঞ্জ) সংবাদদাতা: হাওরের কৃষিকে সরকার অতিব গুরুত্ব দচ্ছে। অন্য এলাকায় কৃষি যন্ত্রপাতি ৫০ পার্সেন্ট ভর্তুকিতে দিলেও হাওরে এসব কৃষি যন্ত্রপাতি ৭০ পার্সেন্ট ভর্তুকিতে দিচ্ছে। কৃষিতে যন্ত্রের ব্যবহারের কারণে শ্রমিক সংকট দূর হচ্ছে। আগে যেখানে অনেক শ্রমিক লাগতো, বর্তমানে যন্ত্রের ব্যবহারে কম শ্রমিক দিয়েই কাজ হয়ে যাচ্ছে। তাই বলা যাচ্ছে কৃষিতে যন্ত্রের ব্যবহারে লাভবান হচ্ছে কৃষক।

শনিবার দুপুরে কিশোরগঞ্জের নিকলী উপজেলার ষাইটধার এলাকায় "হাওরাঞ্চলের উপযোগী বারি উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতির ব্যবহার" বিষয়ক এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন কৃষি মন্ত্রণালয়ের সচিব মো. সায়েদুল ইসলাম।

তিনি আরও বলেন, বর্তমান সরকার কৃষিবান্ধব সরকার। তাই কৃষিকে গুরুত্ব দিয়ে কাজ করে যাচ্ছেন। কৃষি কাজে যন্ত্রের ব্যবহারের ফলে কম সময় ও অল্প খরচে সহজেই ফসল ঘরে তুলতে পারছেন কৃষক।

বারি গাজীপুরের পরিকল্পনা ও মূল্যায়ন উইংয়ের পরিচালক ড. অপূর্ব কান্তি চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ঢাকা অঞ্চলের অতিরিক্ত পরিচালক এস এম সোহরাব উদ্দিন, নিকলী উপজেলা পরিষদের চেয়ারম্যান এ. এম. রুহুল কুদ্দুস ভূইয়া জনি ও নিকলী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শাকিলা পারভীন।

কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন কিশোরগঞ্জ সরেজমিন গবেষণা বিভাগের (বিএআরআই) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ মহিউদ্দীন।

অনুষ্ঠানে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত হাওর উপযোগী বিভিন্ন কৃষি যন্ত্রপাতি প্রদর্শনী করা হয়।

কিশোরগঞ্জ সরেজমিন গবেষণা বিভাগ (বিএআরআই) কর্মশালাটির আয়োজন করে।

শতাব্দীর কণ্ঠ
website : www.shatabdirkantha.com
রবিবার ঃ কিশোরগঞ্জ, ২৮ আগস্ট ২০২২, ১৩ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ, ২৯ মহররম ১৪৪৪ হিজরী

# জনসংখ্যা বৃদ্ধির সাথে তাল মিলিয়ে খাদ্য উৎপাদন বৃদ্ধির করতে হবে

## -কৃষি সচিব



স্টাফ রিপোর্টার :
জনসংখ্যা বৃদ্ধির সাথে তাল মিলিয়ে খাদ্য উৎপাদন বৃদ্ধির করতে হবে, কিশোরগঞ্জে ভাসমান কৃষির আধুনিক প্রযুক্তির উপর প্রশিক্ষণ ও কৃষক সমাবেশে অনুষ্ঠানে প্রধান অতিথি কৃষি মন্ত্রনালয়ে সচিব মোঃ সায়েদুল ইসলাম এ কথা বলেন। তিনি আরো বলেন, খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করতে হলে কৃষি যান্ত্রিকীকরণ অপরিহার্য। জমিতে শক্তির ব্যবহার বাড়লে কৃষি উৎপাদন বাড়ে। তাই কৃষি কাজে যান্ত্রিক শক্তির ব্যবহার বাড়ানো প্রয়োজন। কৃষিকে লাভজনক করতে হলে কৃষি উৎপাদন বাড়ানোর পাশাপাশি উৎপাদন খরচ কমানো প্রয়োজন। এছাড়া, শস্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের বিভিন্ন ধাপে শস্যের অনেক অপচয় হয়ে থাকে যা কমানো গেলে দেশের খাদ্য উৎপাদন বৃদ্ধি পাবে। গত ২৭ আগস্ট শনিবার সকালে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কিশোরগঞ্জ উপকেন্দ্রের হলরুমে সরেজমিন গবেষণা বিভাগ বাংলাদেশ কৃষিগবেষণা ইনস্টিটিউট আয়োজনে ভাসমান বেডে সবজী ও মসলা চাষ গবেষণা, সম্প্রসারণ ও জনপ্রিয়করণ প্রকল্পে (বারি অংগ) অর্থায়নে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
বাংলাদেশ কৃষিগবেষণা ইনস্টিটিউট (পরিকল্পনা ও মূল্যায়ন) পরিচালক ডঃ অপূর্ব কান্তি চৌধুরীর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন, পরিবহন ও সেতু মন্ত্রনালয়ে অতিরিক্ত সচিব সাবিহা পারভীন, (২য় পৃষ্ঠার কলাম ২)

## জনসংখ্যা বৃদ্ধির সাথে

(১ম পৃষ্ঠার পর)
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট মহা-পরিচালক ডঃ দেবাশীষ সরকার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ঢাকা অঞ্চলের অতিরিক্ত পরিচালক এস এম সোহরাব উদ্দিন ও জেলা কৃষক লীগের সভাপতি ও জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আহমেদ উল্লাহ।
বক্তরা বলেন, বাংলাদেশ আজ সনাতন পদ্ধতির পরিবর্তে আধুনিক প্রযুক্তি নির্ভর লাভজনক কৃষি উৎপাদন ব্যবস্থা গড়ে উঠেছে। ফলে দেশে কৃষি উৎপাদন বেড়েছে এবং সেইসাথে খোরপোশের কৃষি এখন বানিজ্যিক কৃষিতে উন্নীত হচ্ছে। বর্তমান কৃষিবান্ধব সরকার কর্তৃক গৃহীত সময়োপযোগী বিভিন্ন পদক্ষেপ ও পরিকল্পনাসমূহের সঠিক বাস্তবায়নের মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্ট (ঋডিএ) ও ভিশন ২০৪১ এর লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরত : উন্নত দেশের মর্যাদা অর্জন এখন সময়ের দাবী। কিন্তু কৃষি শ্রমিকের ক্রমবর্ধমান ঘাটতি কৃষি উৎপাদন অগ্রযাত্রার পথে প্রধান অন্তরায়। এছাড়া, বর্তমান প্রজন্ম শ্রমঘন কৃষি কাজ করতে আগ্রহী নয়। অপরদিকে, দেশের কৃষি শ্রমিকের একটি বড় অংশ অধিক উপার্জনের লক্ষ্যে বিদেশে পাড়ি জমাচ্ছে এবং প্রতিনিয়ত শিল্প, পরিবহন ও সেবা খাতের দিকে ঝুঁকে পড়ছে। এ লক্ষ্য অর্জনে সরকার বাস্তবমূখী পদক্ষেপ গ্রহণ করেছে। ফলে কৃষিকে যন্ত্রের ব্যবহার সারাদেশে উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। নতুন প্রযুক্তি গ্রহণ করতে কৃষকরা আগে অনীহা প্রকাশ করতো। কিন্তু বর্তমানে আধুনিক প্রযুক্তি গ্রহণ করার জন্য কৃষকরা আগ্রহী।

সরেজমিন গবেষণা বিভাগ (বারি)পাবনা

realme Shot on realme C25